

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, সেপ্টেম্বর ১২, ২০২২

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ০৮ সেপ্টেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ/ ২৪ ভাদ্র, ১৪২৯ বঙ্গাব্দ

নং ১৭.০০.০০০০.০৪৫.৩৮.০০৮.২১-১০৩।—“স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০” এর বিধি ৮৬তে প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ সুন্দরীম কোর্টের সাথে পরামর্শক্রমে ০৮ সেপ্টেম্বর, ২০২২ খ্রিঃ তারিখে-১০.০০.০০০০.১২৫.৯৯.০০৩.১৯.৫৮১ নং স্মারকস্মূলে জারীকৃত পত্রের প্রেক্ষিতে উক্ত বিধিমালার বিধি ৭২, বিধি ৭৪, বিধি ৭৫, বিধি ৭৬, বিধি ৭৭-এর উপ-বিধি (১) এবং বিধি ৭৮ এর অধীন নির্বাচন অপরাধসমূহ The Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898) এর section 190 এর sub-section (1) এর অধীন আমলে নেয়া এবং তা সংক্ষিপ্ত পদ্ধতিতে বিচার সম্পন্নের নিমিত্ত নিম্ন তফসিলের ৩নং কলামে বর্ণিত পৌরসভার নির্বাচন উপলক্ষে ৫নং কলামে বর্ণিত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের ০৩ (তিনি) জন বিচার বিভাগীয় কর্মকর্তা-কে ভোটগ্রহণের পূর্বের দু’দিন, ভোটগ্রহণের দিন ও ভোটগ্রহণের পরের দু’দিন অর্থাৎ ০৯ সেপ্টেম্বর, ২০২২ খ্রিঃ হতে ১৩ সেপ্টেম্বর, ২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ০৫(পাঁচ) দিনের জন্য প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট হিসেবে নিয়োগ প্রদান করল:

“তফসিল”

ক্রমিক নং	জেলার নাম	পৌরসভার নাম	ওয়ার্ডসমূহ	কর্মকর্তার নাম, পদবি ও কর্মসূল
১	২	৩	৪	৫
১.	ঝিনাইদহ	ঝিনাইদহ	১, ২ ও ৩ নং ওয়ার্ড	জনাব মোঃ ফারুক আয়ম, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ঝিনাইদহ

(১৫১৯৫)

মূল্য : টাকা ৮.০০

১	২	৩	৪	৫
২.			৪, ৫ ও ৬ নং ওয়ার্ড	জনাব মোঃ আসাদুর জামান জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ঝিনাইদহ
৩.	ঝিনাইদহ	ঝিনাইদহ	৭, ৮ ও ৯ নং ওয়ার্ড	জনাব মোঃ ওয়াজিদুর রহমান জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ঝিনাইদহ

২। উল্লিখিত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্বপ্রাপ্ত নির্বাচনি এলাকায় এই নিয়োগপত্রের বিপরীতে সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করত সংশ্লিষ্ট সকলকে অবগত করবেন।

৩। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক দায়িত্ব পালনকালে কোনো নির্বাচনি অপরাধ বিচারাথে আমলে নেয়া হলে তদমর্মে প্রতিবেদন নির্বাচন কমিশন সচিবালয়ের উপ-সচিব (আইন) এর web mail address (ds_law@ecs.gov.bd) এ নিয়োক্ত ছকে প্রেরণ করবেন।

“ছক”

জেলার নাম:.....

পৌরসভার নাম:.....

ক্রম	জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের নাম, পদবি ও মোবাইল নম্বর	অভিযোগকারীর নাম ও ঠিকানা	যার বিবৃক্তে অভিযোগ আনয়ন করা হয়েছে তার নাম ও ঠিকানা	অভিযোগের তারিখ ও সংক্ষিপ্ত বিবরণ	অভিযোগের বিষয়ে গৃহীত ব্যবস্থার বিবরণ
১	২	৩	৪	৫	৬

৪। দায়িত্বপ্রাপ্ত জুডিসিয়াল সার্ভিসের কর্মকর্তাগণকে নির্বাচনি দায়িত্ব পালনের নিমিত্ত অবমুক্ত করার জন্য চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ঝিনাইদহ-কে অনুরোধ করা হলো।

৫। উক্ত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্ব পালনকালে ০১ (এক) জন বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারীকে সহকারী হিসেবে সঙ্গে নিতে পারবেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাদের নিজ নিজ অফিস প্রধানকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৬। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট এলাকায় দায়িত্ব পালনকালে প্রয়োজনীয় ঘানবাহন সরবরাহ করার জন্য ঝিনাইদহ জেলা প্রশাসক-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৭। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় আদালত পরিচালনার নিমিত্ত প্রয়োজনীয় সংখ্যক সশস্ত্র পুলিশ নিয়োগ করার জন্য ঝিনাইদহ পুলিশ সুপার-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৮। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণ ও সংশ্লিষ্ট বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারী বিধি মোতাবেক যাতায়াত ভাতা/দৈনিক ভাতা (টি.এ/ডি.এ) প্রাপ্ত হবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

আফরোজা শিউলী
উপসচিব (আইন)।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

হাইন্দা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd